

জবির লাইব্রেরিতে বসার জায়গা বাড়ায় স্বস্তিতে শিক্ষার্থীরা

জবি প্রতিনিধি



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) কেন্দ্রীয় লাইব্রেরিতে শিক্ষার্থীদের বাড়তে থাকা চাপ মোকাবেলায় নতুন উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। জকসুর পাঠাগার সম্পাদকের প্রস্তাবের ভিত্তিতে উপাচার্য লাইব্রেরির সময়সীমা বৃদ্ধি ও আসনসংখ্যা বাড়ানোর ঘোষণা দিয়েছেন।

সম্প্রতি লাইব্রেরিতে শিক্ষার্থীদের উপস্থিতি উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাওয়ায় আসন সংকট তীব্র হয়ে ওঠে। এ পরিস্থিতিতে অতিরিক্ত ২০০টি নতুন আসন যুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে,

যা শিক্ষার্থীদের জন্য বড় স্বস্তি হিসেবে দেখা হচ্ছে।

পড়ুন



কোরবানির হাট কাঁপাতে আসছে 'কামিনী' ও 'মোস্তাক'

এছাড়া এখন থেকে লাইব্রেরি খোলা থাকবে সকাল ৮টা থেকে রাত ১০টা পর্যন্ত। আগে সীমিত সময়ের কারণে অনেক শিক্ষার্থী লাইব্রেরির সুবিধা নিতে পারতেন না। নতুন সময়সূচি তাদের জন্য পড়াশোনার সুযোগ আরো বাড়াবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

শিক্ষার্থীদের ব্যক্তিগত জিনিসপত্র সুরক্ষিত রাখতে লাইব্রেরিতে দুটি নতুন ব্যাগ সেলফ স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে।

এতে নিরাপত্তা ও শৃঙ্খলা বজায় থাকবে আশা করছেন শিক্ষার্থীরা।

পড়ুন



সাজেকে ইউপিডিএফ সদস্যকে গুলি করে হত্যা

বিশ্ববিদ্যালয় প্রশাসনের এই পদক্ষেপকে ইতিবাচক এবং শিক্ষার্থীবান্ধব হিসেবে দেখছেন সাধারণ শিক্ষার্থীরা। তাদের মতে, এতে পড়াশোনার পরিবেশ উন্নত হবে এবং লাইব্রেরি ব্যবহারে ভোগান্তি কমবে।

জকসুর পাঠাগার ও সেমিনার সম্পাদক রিয়াসাল রাকিব বলেন, শিক্ষার্থীদের প্রয়োজনকে গুরুত্ব দিয়েই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ভবিষ্যতেও লাইব্রেরির মান উন্নয়নে আরো কার্যকর পদক্ষেপ নেওয়া হবে।